# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 DECEMBER 2024 7:45—7:55 PM IST**

==========================================================

১) আগামীকাল সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর শেষকৃত্য । মতিলাল নেহেরু মার্গের বাসভবনে প্রয়াত নেতার স্মৃতির প্রতি গুণমুগ্ধদের শ্রদ্ধাঞ্জলী ।

২) প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর মৃত্যুতে রাষ্ট্রপতি , উপরাষ্ট্রপতি , প্রধানমন্ত্রী , বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী সহ দেশ বিদেশের বহু নেতার শোক প্রকাশ ।

৩) বিচার বিভাগ এবং প্রশাসন বিভাগের মতই দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি সংবিধানের আদর্শে পরিচালিত হয় বলে তেজপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধ্যক্ষ অধ্যাপক এম জগদেশ কুমারের মন্তব্য ।

এবং

৪) আগামী রবিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আকাশবাণীযোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠান ।

---

প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর নশ্বরদেহ বর্তমানে তার নতুন দিল্লীর মতিলাল নেহেরু মার্গ নিজস্ব বাসভবনে রাখা হয়েছে এবং সেখানে সমাজের বিভিন্ন শ্রেনীর লোক প্রয়াত প্রধানমন্ত্রীর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করছেন । রাষ্ট্রপতি শ্রীমতী

দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ প্রয়াত প্রধানমন্ত্রীর নশ্বর দেহে পুষ্পার্ঘ অর্পন করে তার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । কংগ্রেস দলের এক সূত্রে প্রকাশ করা হয়েছে যে আগামীকাল ডক্টর মনমোহন সিং-এর অন্তিম যাত্রা অনুষ্ঠিত হবে এবং এরপর শেষকৃত্য সম্পন্ন করা হবে ।

আগেই জানানো হয়েছে যে গতকাল রাত ৯টা ৫১ মিনিটে নতুন দিল্লীর সর্বভারতীয় আয়ুর্বিজ্ঞান প্রতিষ্ঠান ( এইমস )-এ ৯২ বছর বয়সের প্রবীন এই নেতা শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে কংগ্রেস নেতা রাহুল গান্ধী , প্রিয়াঙ্কা গান্ধী ভদ্রা , কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা সহ অসংখ্য গুণমুগ্ধ নতুন দিল্লীর সর্বভারতীয় আয়ুর্বিজ্ঞান প্রতিষ্ঠান ( এইমস )-এ উপস্থিত হয়ে প্রয়াত প্রধানমন্ত্রীর স্মৃতির প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন ।

বিশ্বের বিখ্যাত অর্থনীতিবিদদের মধ্যে অন্যতম ডক্টর মনমোহন সিং ১৯শো ৮২ সালে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর হিসেবে কার্যনির্বাহ করার পর ১৯শো ৮৫ থেকে ১৯শো ৮৭ সাল পর্যন্ত পরিকল্পনা কমিশনের উপাধ্যক্ষ হিসেবে দায়িত্বভার পালন করেন । পি ভি নরসিংহ রাও সরকারের আমলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করা ডক্টর সিং ১৯শো ৯১ সালের অর্থনৈতিক উদারীকরণের রূপকার হিসেবে ভারতীয় অর্থনীতিতে সর্বকালের সর্ববৃহৎ সংস্কার সাধন করেন । তিনি ২ হাজার ৪ থেকে ২ হাজার ১৪ সাল পর্যন্ত কংগ্রেস নেতৃত্বাধীন ইউ পি এ সরকারের সময় দুটি কার্যকালের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করেছিলেন । ডক্টর মনমোহন সিং ১৯শো ৯১ সালে প্রথমবারের মত আসাম থেকে রাজ্যসভার সাংসদ হিসেবে নির্বাচিত হয়েছিলেন এবং ধারাবাহিকভাবে ২৮ বছর লাগাতার আসামের প্রতিনিধিত্ব করেন ।

প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর বিয়োগে সাত দিনের জাতীয় শোক ঘোষণা করা হয়েছে । এই সময় সব সরকারী কার্যালয় , গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান সহ বিদেশে থাকা ভারতীয় দূতাবাসগুলিতে জাতীয় পতাকা অর্ধনিমিত রাখা হবে । এছাড়াও আমোদ-প্রমোদমূলক সব ধরণের সরকারী কার্যসূচি বন্ধ থাকবে । প্রয়াত প্রধানমন্ত্রীর অন্ত্যেষ্টিক্রিয়া সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন করা হবে বলে ভারত সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছে ।

---

আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । নাগাল্যান্ডের

মুখ্যমন্ত্রী নেফিউ রিও সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরাও শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবাদনা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর মৃত্যুতে বিশ্বের বিভিন্ন নেতা শোক প্রকাশ শোকবার্তা পাঠিয়েছেন । মার্কিন সচিব অব ষ্টেন এন্টনি ব্লিংকেন প্রয়াত প্রধানমন্ত্রীকে ভারত-মার্কীন সম্পর্কের একজন প্রধান কারিগর বলে উল্লেখ করে উভয় দেশের মধ্যে কৌশলগত সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে ডক্টর মনমোহন সিং-এর ভূমিকাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন । ডক্টর সিং-এর সূচনা করা ভারতের অর্থনৈতিক সংস্কার কার্যসূচির জন্যই দেশের অর্থনৈতিক প্রগতি তরান্বিত হয়েছিল বলেও ব্লিংকেন মন্তব্য করেছেন ।

ব্রাজিলের রাষ্ট্রপতি লুলা-দি সিলভাই তার শোকবার্তায় ভারত , ব্রাজিল এবং দক্ষিণ আফ্রিকাকে অর্ন্তভুক্ত করে ব্রিকস গোষ্ঠী গঠনে ডক্টর মনমোহন সিং-এর ভূমিকার কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন । ভারত এবং ব্রাজিলের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সুদৃঢ় করতে ডক্টর সিং-এর অবদান ব্রাজিলবাসী সর্বদা স্মরণ করবে বলেও শ্রী সিলভাই তার শোকবার্তায় উল্লেখ করেছেন ।

আফগানিস্তানের প্রাক্তন রাষ্ট্রপতি হামিদ কার্জাই , মালদ্বীপের প্রাক্তন রাষ্ট্রপতি মহাম্মদ নাসিদ , নেপালের বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডক্টর আর্জু রানা দেউবা সহ কয়েকটি দেশের রাষ্ট্রদূত ডক্টর মনমোহন সিং-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

বিচার বিভাগ এবং প্রশাসন বিভাগের মতই দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি সংবিধানের আদর্শে পরিচালিত হয় বলে আজ অনুষ্ঠিত তেজপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের দ্বাবিংশতিতম সমাবর্তন সমারোহে অংশ গ্রহণ করে জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য তথা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধ্যক্ষ অধ্যাপক এম জগদেশ কুমার মন্তব্য করেন । তিনি ছাত্র-ছাত্রীদের প্রত্যাহ্বানগুলিকে সুযোগে রূপান্তর করার আহ্বান জানান । বিশ্বের প্রথমসারীর Fortune Five Hundred কোম্পানীগুলির মুখ্য কার্যবাহী আধিকারিকদের অধিকাংশই ভারতীয় হওয়ার উদাহরণ দিয়ে অধ্যাপক কুমার বলেন যে আমাদের যুব সমাজের দেশকে সম্পূর্ণ ভাবে বদলে দেওয়ার ক্ষমতা রয়েছে । তিনি উচ্চ শিক্ষার সুবিধা সমাজের দূর্বল শ্রেনী পর্যন্ত পৌছে দেওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন ।সমারোহে পৌরহিত্য করে রাজ্যপাল তথা বিশ্ববিদ্যালয়ের আচার্য লক্ষ্মন প্রসাদ আচার্য বলেন যে এ ধরণের সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের তাদের দেশের প্রতি কর্তব্যের কথা স্মরণ করিয়ে দেওয়া হয় । অনুষ্ঠানে

বক্তব্য রাখতে গিয়ে তেজপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শম্ভুনাথ সিং পরবর্তী শিক্ষা বছরে তেজপুর বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিজ্ঞান , রাজনীতি বিজ্ঞান , মনস্তত্ব বিজ্ঞান , ভূগল , পরিবেশ কলা এবং উপজাতি অধ্যয়ন বিভাগ খোলা হবে বলে জানান । আজকের সমাবর্তনে ১শো ৩১ জন ছাত্র-ছাত্রীকে পি এইচ ডি ডিগ্রী , ৭৪৯ জনকে স্নাতকোত্তর , ৪শো ২৮ জনকে স্নাতক , ১৪ জনকে স্নাতকোত্তর ডিপ্লমা এবং দূর সংযোগ ও অন-লাইন মাধ্যমে ডিপ্লমা লাভ করা ৫১ জনকে ডিগ্রী প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবাণীযোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে নিজের মনের ভাব ব্যক্ত করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ১৭তম পর্ব । জনসাধারণ এই অনুষ্ঠানের জন্য নিজেদের মতামত এবং পরামর্শ ১৮০০১১৭৮০০ টোল-ফ্রী নম্বরে প্রেরণ করতে পারবেন । নমো অ্যাপ অথবা মাই-গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও আজকের মধ্যে মতামত এবং পরামর্শ প্রেরণ করা যাবে । এই অনুষ্ঠান আকাশবাণী এবং দূরদর্শনের সবগুলি নেটওয়ার্ক ছাড়াও airnews ওয়েবসাইট এবং newsonair মোবাইল অ্যাপেও প্রচার করা হবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউ-টিউব চ্যানেলযোগেও এই অনুষ্ঠান লাইভ-ষ্ট্রিমিং করা হবে । আকাশবাণীতে এই অনুষ্ঠান শেষ হওয়ার অব্যবহিত পরেই মন-কি-বাত অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ প্রচারিত হবে ।

---------------------------------------------------------------------------------------

নতুন বছরের প্রথম দিনে রাজ্য সরকার বেশ কয়েকটি জনসেবামূলক কাজের সূচনা করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।সেই অনুযায়ি আগামী পয়লা জানুয়ারী মুখ্যমন্ত্রী আত্মনির্ভর আসাম প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের জন্য আবেদন পোর্টেল চালু করা হবে ।১ লক্ষ ৫৪ হাজার লোক ইতিমধ্যে এই প্রকল্পের জন্য নাম পঞ্জীয়ন করেছে ।সরকার ৭৫ হাজার যুবক যুবতিকে এই প্রকল্পের মাধ্যমে প্রথম কিস্তির ১ লক্ষ টাকা করে অর্থ সাহায্য প্রদান করবে ।এর পূর্বে প্রথম পর্যায়ে ২৫ হাজার যুবক যুবতিকে এক লক্ষ টাকা করে প্রদান করা হয়েছিল ।প্রথম পর্যায়ে অর্থ লাভ করা লোকেদের কাজকর্ম পরীক্ষা করে বাকী এক লক্ষ টাকা প্রদান করা হবে ।এছাড়া আগামী পয়লা জানুয়ারী সরকারী কর্মচারীদের জন্য নতুন বীমা প্রকল্প রূপায়নের মাধ্যমে কয়েকটি বেংকের সাথে রাজ্য সরকার সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করবে বলে মুখ্যমন্ত্রী জানান ।এদিকে সরকারী কর্মচারীদের নিজেদের মধ্যে সমঝোতার মাধ্যমে বদলি হওয়ার জন্য একটি পোর্টেলও

বচরের প্রথম দিনটিতে চালু করা হবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বদলি হতে ইচ্ছুক কর্মচারীদের আগামী দুমাসের মধ্যে আবেদন করার আহ্বান জানান ।
তৃতীয় পর্যায়ের মিশন বসুন্ধরা প্রকল্পের জন্য আবেদনের শেষ দিন আগামী ৩১ শে ডিসেম্বর হওয়ায় মুখ্যমন্ত্রী সামাজিক , শৈক্ষিক এবং ধর্মীয় প্রতিষ্ঠান সমুহকে সময়মত আবেদন জানানোর আহ্বান জানান । রাজ্য সরকার ইতিমধ্যে এই প্রকল্পের পূর্বের নিয়ম শিথিল করেছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের রাজস্ব ও দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ হাইলাকান্দি জেলার রংমাই নাগা কলোনিতে ভূমিহীন নাগা লোকেদের মধ্যে জমির পাট্টা প্রদান করেছে । রাজস্ব ও দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ৪৯৮টি জমি সংক্রান্ত আবেদনের নিষ্পত্তি করেছে । এরমধ্যে কাছাড় জেলার ১২১টি এবং হাইলাকান্দি জেলার ১৬টি আবেদন রয়েছে ।

উল্লেখ্য ১৯৫৩ সাল থেকে হাইলাকান্দি শহরের এক নম্বর ওয়ার্ডে বসবাসকারী নাগা সম্প্রদায়ের লোকেরা দীর্ঘ দিন থেকে জমির পাট্টা প্রদানের দাবী জানিয়ে আসছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কেরালায় অনুষ্ঠিত ২৭ তম সাব জুনিয়র সেপাকটাক্র চেম্পিয়নশিপে আসামের মেয়েদের দল সোনার পদক অর্জন করেছে ।গতকাল অনুষ্ঠিত কোয়াড ইভেন্টের ফাইনালে আসাম মণিপুরকে ২-১ সেটে পরাজিত করে পদক অর্জন করে ।অন্যদিকে মেয়েদের দলটি দলগতভাবে ব্রোঞ্জ পদক লাভ করেছে ।প্রতিযোগিতার কোয়াড ইভেন্টে আসামের ছেলেদের দল রূপোর পদক লাভ করেছে ।প্রতিযোগিতার ফাইনালে আসামের ছেলেদের দলটি বিহারের হাতে পরাজিত হয় ।

---------------------------------------------------------------------------------------